
পাঠ ১২

# আমাদের গ্রাম

বন্দে আলী মিঞা



## পাঠের মূলকথা

আমাদের গ্রামটি ছোটো। এখানে ছোটো ছোটো ঘর আছে। আমরা সবাই মিলেমিশে থাকি। কেউ কাউকে পর মনে করি না। পাড়ার সব ছেলে মিলে একসাথে খেলা করি, পাঠশালায় যাই। কেউ কাউকে হিংসা করি না, কারও সাথে মারামারি করি না। পিতা-মাতা ও বড়োদের কথা আমরা মেনে চলি। সবার সাথে সবার ভাই ভাই সম্পর্ক। এই গ্রামে মাঠভরা ধান, জলভরা দিঘি আছে। দিঘির জল চাঁদের কিরণ লেগে ঝিকমিক করে। এই গ্রামের আলো-বাতাসে আমরা বড়ো হই। গ্রামখানি আমাদের কাছে মায়ের মতো। গ্রামখানি যেন আমাদের প্রাণ বাঁচায়। গ্রামে আমগাছ, জামগাছ যেমন আছে, তেমনই বাঁশঝাড়ও আছে। এসব গাছপালা দেখলে মনে হয় তারা সবাই আত্মীয়ের মতো মিলেমিশে আছে। এই গ্রামে সকালে পূর্ব দিকে সোনার মতো রঙিন সূর্য ওঠে, পাখিরা ডাকে, বায়ু বয়, নানা রঙের ফুল ফোটে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৪

**পিরিয়ড বিভাজন :**

| | |
|---|---|
| পিরিয়ড-৪৯ | আমাদের ছোটো ........ সদা মোরা ডরি। |
| পিরিয়ড-৫০ | আমাদের ছোটো ........ করে ঝিকিমিকি। |
| পিরিয়ড-৫১ | সম্পূর্ণ কবিতা |
| পিরিয়ড-৫২ | সম্পূর্ণ কবিতা |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রাম | মিঞা | গাঁ | একসাথে | হিংসা | প্রাণ | মাঠভরা | জলভরা | দিঘি | চাঁদ |
| কিরণ | আত্মীয় | পাখি | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ৯ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। 
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৫

সেথা, কভু, ডরি, কিরণ, আত্মীয়, রবি, বায়ু।

উত্তর :

সেথা — সেখানে।
কভু — কখনো।
ডরি — ভয় পাই।
কিরণ — আলো।
আত্মীয় — আপনজন।
রবি — সূর্য।
বায়ু — বাতাস।

### ২ বাক্য লিখি। 
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৫

পাঠশালা ..........
গুরুজন ..........
দিঘি ..........
মিলেমিশে ..........
বাঁশঝাড় ..........

উত্তর :

পাঠশালা — আমাদের গ্রামে একটি পাঠশালা আছে।
গুরুজন — আমরা গুরুজনদের শ্রদ্ধা করি।
দিঘি — গ্রামে অনেক দিঘি দেখা যায়।
মিলেমিশে — গ্রামে সবাই মিলেমিশে থাকে।
বাঁশঝাড় — গ্রামে প্রতিটি বাড়ির পাশেই বাঁশঝাড় রয়েছে।

### ৩ কবিতাটি সুন্দর করে বলি ও দেখে দেখে লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৫

উত্তর : নিজে চেষ্টা কর।

### ৪ একই রকম শব্দ শিখি
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৫

রবি, বায়ু, কিরণ, ঘর, পাঠশালা

উত্তর :

রবি — সূর্য, অরুণ।
বায়ু — বাতাস, হাওয়া।
কিরণ — আলো, প্রভা।
ঘর — বাড়ি, গৃহ।
পাঠশালা — বিদ্যালয়, স্কুল।

### ৫ বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

**প্রশ্ন ক. গাঁয়ের ঘরগুলো কেমন?**

উত্তর : গাঁয়ের ঘরগুলো ছোটো ছোটো।

**প্রশ্ন খ. পাড়ার সব ছেলে একসাথে কী কী করে?**

উত্তর : পাড়ার সব ছেলে একসাথে খেলাধুলা করে এবং পাঠশালায় যায়।

**প্রশ্ন গ. জলভরা দিঘি ঝিকিমিকি করে কেন?**

উত্তর : চাঁদের কিরণ লাগার কারণে জলভরা দিঘি ঝিকিমিকি করে।

**প্রশ্ন ঘ. আত্মীয়ের মতো মিলেমিশে কারা আছে?**

উত্তর : গ্রামের আমগাছ, জামগাছ ও বাঁশঝাড় আত্মীয়ের মতো মিলেমিশে আছে।

### ৬ সঠিক উত্তর বাছাই করে বলি ও লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

১. **কবি গ্রামকে তুলনা করেছেন—**
ক. মায়ের সাথে খ. বাবার সাথে
গ. বোনের সাথে ঘ. ভাইয়ের সাথে
উত্তর : ক. মায়ের সাথে।

২. **কখনো করব না—**
ক. খেলাধুলা ও পড়াশোনা খ. শ্রদ্ধা ও সম্মান
গ. হিংসা ও মারামারি ঘ. আদর ও স্নেহ
উত্তর : গ. হিংসা ও মারামারি।

৩. **সোনার রবি ওঠে—**
ক. পূর্ব দিকে খ. পশ্চিম দিকে
গ. উত্তর দিকে ঘ. দক্ষিণ দিকে
উত্তর : ক. পূর্ব দিকে।

### ৭ গ্রাম সম্পর্কে বলি ও লিখি
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৬

উত্তর : আমাদের গ্রামটি ছবির মতো সুন্দর। গ্রামের ঘর-বাড়িগুলো অনেক ছোটো ছোটো। এখানে সবাই আত্মীয়ের মতো বসবাস করে। গ্রামের ছেলেরা একসাথে খেলাধুলা করে ও পাঠশালায় যায়। গ্রামের ছেলে-মেয়েরা গুরুজনদের শ্রদ্ধা ও সম্মান করে। গ্রামটি আমাদের মায়ের মতো স্নেহ, মায়া, আদর ও ভালোবাসা দিয়ে বড়ো করে তোলে। এ গ্রামে রয়েছে মাঠভরা সোনালি ধান, আর জলভরা পুকুরে রুপালি মাছ। পাখির সুরেলা গান, ঝিরিঝিরি বাতাস আর ফুলের সুবাস গ্রামের সবাইকে বিমোহিত করে। তাই গ্রামটি আমার কাছে খুবই প্রিয়।

৭ বাংলা

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৪৯** আমাদের ছোটো ........ সদা মোরা ডরি।

**প্রশ্ন ১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তোমরা কোথায় বাস কর?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা গ্রামে বাস করি।

**প্রশ্ন খ. তোমাদের গ্রাম/শহর দেখতে কেমন?**

**উত্তর :** আমাদের গ্রাম/শহর দেখতে ছোট।

**প্রশ্ন গ. গন্ডগোল বা মারামারি করলে কী ক্ষতি হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গন্ডগোল বা মারামারি করলে শারীরিক ও সামাজিক ক্ষতি হয়।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

গাঁয়ে, সেথা, পাঠশালা, হিংসা, সদা, ডরি ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

গাঁয়ে — আমাদের গাঁয়ের পাশ দিয়ে একটি নদী বয়ে গেছে।
সেথা — সেথা রহিমদের বাড়ি।
পাঠশালা — আমাদের গ্রামে একটি পাঠশালা আছে।
হিংসা — কখনো হিংসা করবে না।
সদা — সদা সত্য কথা বলবে।
ডরি — আমি কুকুরকে ডরি।

**পিরিয়ড ৫০** আমাদের ছোটো ........ করে ঝিকিমিকি।

**প্রশ্ন ৩. গ্রামের ঘরগুলো দেখতে কেমন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গ্রামের ঘরগুলো দেখতে ছোটো ছোটো।

**প্রশ্ন ৪. আমাদের মধ্যে ঝগড়া হলে কী করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের মধ্যে ঝগড়া হলে আবার মিলে যাই।

**প্রশ্ন ৫. সবাইকে কেন মিলেমিশে থাকা উচিত?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** শান্তিতে বসবাস করতে হলে সবাইকে মিলেমিশে থাকা উচিত।

**পিরিয়ড ৫১** সম্পূর্ণ কবিতা

**প্রশ্ন ৬. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

আত্মীয়, বাঁশঝাড়, রবি, হেন

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| আত্মীয় | আত্‌তিঁয়ো |
| বাঁশঝাড় | বাঁশ্‌ঝাড়্ |
| রবি | রোবি |
| হেন | হ্যানো |

**পিরিয়ড ৫২** সম্পূর্ণ কবিতা

**প্রশ্ন ৭. 'আমাদের শহর' সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমাদের শহরটি গ্রামাঞ্চলের কেন্দ্রস্থলে অবস্থিত ছোট্ট একটি শহর। এটি একটি শান্তিপূর্ণ এবং মনোরম জায়গা। এখানকার লোকেরা বন্ধুভাবাপন্ন। এখানে একটি প্রাথমিক, একটি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি পাঠাগার আছে। আমি আমার শহরকে অনেক ভালোবাসি।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

পাঠশালা, হেন, পাড়া, গাঁ, মোরা, দিঘি, ঝিকিমিকি, সবে, প্রাণ।

**উত্তর :**

পাঠশালা — বিদ্যালয়।
হেন — এরূপ, এরকম।
পাড়া — মহল্লা, গ্রাম।
গাঁ — গ্রাম।
মোরা — আমরা।
দিঘি — পুকুর, জলাশয়।
ঝিকিমিকি — মিটমিট।
সবে — সবাই।
প্রাণ — জীবন, মন।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. আমরা বিকালে কাদের সাথে খেলা করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা বিকালে বন্ধুদের সাথে খেলা করি।

**প্রশ্ন ৩. আমরা কী কী খেলা করি?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা কানামাছি, দড়িলাফ, গোল্লাছুট, হাডুডু, ক্রিকেট ও ফুটবল খেলি।

**প্রশ্ন ৪. আমরা কারও সাথে গন্ডগোল করি কি না? কেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা কারও সাথে গন্ডগোল করি না। যাতে সকলে মিলেমিশে থাকতে পারি।

**প্রশ্ন ৫. গ্রাম আমাদের কীভাবে বাঁচিয়ে রাখে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আলো এবং বায়ু দিয়ে গ্রাম আমাদের বাঁচিয়ে রাখে।

**প্রশ্ন ৬. আমরা ফসল, মাছ, মাংস কীভাবে গ্রাম থেকে পাই?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গ্রামে ফসল, মাছ, মাংস উৎপাদিত হয়; এগুলো আমরা গ্রাম থেকে পাই।

**পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ৭. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।**

পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর
হিংসা ও মারামারি কভু নাহি করি,
একসাথে খেলি আর পাঠশালে যাই।
পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

**উত্তর :** কবিতার চরণগুলো সাজিয়ে লেখা হলো—

আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
একসাথে খেলি আর পাঠশালে যাই।
হিংসা ও মারামারি কভু নাহি করি,
পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

**প্রশ্ন ৮. কবি পাড়ার ছেলেদের কী হিসেবে পরিচয় দিয়েছেন?**

**উত্তর :** কবি পাড়ার ছেলেদের ভাই ভাই হিসেবে পরিচয় দিয়েছেন।

**প্রশ্ন ৯. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লিখি।**

চাঁদ, মা, গাঁ, ভাই, আলো, পাখি, ফুল।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| চাঁদ | চন্দ্র, শশী |
| মা | মাতা, জননী |
| গাঁ | গ্রাম, পল্লি |
| ভাই | ভ্রাতা, সহোদর |
| আলো | রশ্মি, কিরণ |
| পাখি | বিহগ, বিহঙ্গ |
| ফুল | পুষ্প, কুসুম |

**প্রশ্ন ১০. সঠিক উত্তরটি বাছাই করে লেখ।**

১. **আমাদের ছোটো গাঁয়ে কেমন ঘর?**
ক. বড়ো বড়ো ঘর　　খ. বিশাল অট্টালিকা
গ. ছোটো ছোটো ঘর　　ঘ. দালানকোঠা
**উত্তর :** গ. ছোটো ছোটো ঘর।

২. **কোথায় কেহ পর না?**
ক. আমাদের ছোটো গাঁয়ে
খ. আমাদের মহল্লায়
গ. আমাদের ইউনিয়নে
ঘ. আমাদের সিটি কর্পোরেশনে
**উত্তর :** ক. আমাদের ছোটো গাঁয়ে।

৩. **আমরা কভু কী করি না?**
ক. ভালোবাসি না　　খ. সম্মান করি না
গ. স্নেহ করি না　　ঘ. হিংসা ও মারামারি
**উত্তর :** ঘ. হিংসা ও মারামারি।

৪. **পিতা-মাতা গুরুজনে সদা আমরা মান্য করি কেন?**
ক. আত্মীয় বলে　　খ. কষ্টে
গ. বয়সে বড়ো বলে　　ঘ. ভয়ে
**উত্তর :** গ. বয়সে বড়ো বলে।

৫. **আমাদের ছোট্ট গ্রাম কার সমান?**
ক. নদীর সমান　　খ. পাখির সমান
গ. ফুলের সমান　　ঘ. মায়ের সমান
**উত্তর :** ঘ. মায়ের সমান।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**



**প্রশ্ন ১১. ছবিতে কী কী আছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবিতে কৃষক, মাঝি, কলসি কাঁখে গৃহবধূ, ছেলে-মেয়েরা আছে।

**প্রশ্ন ১২. ছবিতে কারা কী করছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছবিতে যা করছে—
ক. কৃষক মাঠে কাজ করছে।
খ. মাঝি নদীতে নৌকা বাইছে।
গ. একজন গৃহবধূ নদী থেকে পানি নিয়ে যাচ্ছে।
ঘ. ছেলে-মেয়েরা খেলাধুলা করছে।

**প্রশ্ন ১৩. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| মাঠভরা | পুব দিকে ওঠে |
| জলভরা | খেলি |
| একসাথে | দিঘি |
| সোনার রবি | ধান |

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| মাঠভরা | ধান |
| জলভরা | দিঘি |
| একসাথে | খেলি |
| সোনার রবি | পুব দিকে ওঠে |

প্রশ্ন ১৪. পরের চরণটি মিলিয়ে লেখ।

ক. পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই

________________

খ. আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,

________________

গ. আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন,

________________

উত্তর :

ক. পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
একসাথে খেলি আর পাঠশালে যাই।

খ. আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।

গ. আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন,
মিলে মিশে আছে ওরা আত্মীয় হেন।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| পাঠের শব্দ দিয়ে বাক্য তৈরি করতে পেরেছে। | | | |
| প্রমিত উচ্চারণে কবিতা সাবলীলভাবে বলতে পেরেছে। | | | |
| পাঠ্যপুস্তকের কবিতা প্রমিত উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ দেখে লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে বিষয়বস্তু নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। | | | |
| কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :........................................ শ্রেণি :........................ রোল নম্বর : ☐

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।
সেথা, কভু, ডরি, কিরণ, আত্মীয়, রবি, বায়ু।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।
ক. গাঁয়ের ঘরগুলো কেমন?
খ. পাড়ার সব ছেলে একসাথে কী কী করে?
গ. জলভরা দিঘি ঝিকিমিকি করে কেন?

৩। নিচের কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর
হিংসা ও মারামারি কভু নাহি করি,
একসাথে খেলি আর পাঠশালে যাই।
পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

### উত্তরমালা

১ ▸

সেথা — সেখানে।
কভু — কখনো।
ডরি — ভয় পাই।
কিরণ — আলো।
আত্মীয় — আপনজন।
রবি — সূর্য।
বায়ু — বাতাস।

২ ▸ ক. গাঁয়ের ঘরগুলো ছোটো ছোটো।
খ. পাড়ার সব ছেলে একসাথে খেলাধুলা করে এবং পাঠশালায় যায়।
গ. চাঁদের কিরণ লাগার কারণে জলভরা দিঘি ঝিকিমিকি করে।

৩ ▸ কবিতার চরণগুলো সাজিয়ে লেখা হলো—
আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
একসাথে খেলি আর পাঠশালে যাই।
হিংসা ও মারামারি কভু নাহি করি,
পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐